# অষ্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টার বন্যা কবলিত মানুষের জন্য তহবিল সংগ্রহের লক্ষ্যে আগামী ৫ ফেব্রুয়ারী B.B.Q পার্টির আয়োজন

সম্প্রতি কুইন্সল্যান্ডে ভয়াবহ প্রাকৃতিক বন্যায় বহু মানুষ নিহতসহ ঘর-বাড়ী ও ব্যবসা-বানিজ্যের ব্যাপক ক্ষতিগ্রস্থ হয়েছে। অষ্ট্রেলিয়া সরকার বন্যা দুর্গত জনগণের পাশে দাড়াঁনোর আবেদন জানান। অষ্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টার বন্যা কবলিত মানুষের জন্য তহবিল সংগ্রহের লক্ষ্যে আগামী ৫ ফেব্রুয়ারী শনিবার ফান্ড রেইজিং B.B.Q পার্টির আয়োজন করেছে। সম্প্রতি সংগঠন **13-17 Eagleview Road, Minto** তে ৫ একর বিশিষ্ট জমি একটি মসজিদ ভিত্তিক ইসলামিক সেন্টার প্রতিষ্ঠার জন্যে (**City Council** এর অনুমোদন সাপেক্ষে) ক্রয় করেছে। প্রস্তাবিত সেন্টারে **আগামী ৫ ফেব্রুয়ারী দুপুর ১২টা থেকে বিকাল ৪টা পর্যন্ত** B.B.Q পার্টি অনুষ্ঠিত হবে। B.B.Q থেকে অর্জিত অর্থ Queensland's Premiers Funds Relief Appeal এ প্রেরণ করা হবে। ইতিমধ্যেই ক্রয়কৃত জমি বিভিন্ন ধরণের পরিষ্কার-পরিছন্নসহ কিছু সংস্কারের কর্ম সম্পন্ন করা হয়েছে। সংগঠনের কার্যকরী কমিটি ফান্ড রেইজিং B.B.Q পার্টিতে স্বপরিবারে অংশগ্রহন করে বন্যা দূর্গত মানুষের পাশেঁ দাড়ানোর পাশাপাশি পুরোদিন নিজস্ব বিশাল জমিতে কমিউনিটির সকলের সাথে একত্রিত হওয়ার জন্য বিশেষ আহ্বান জানিয়েছেন। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ: সভাপতি-মোফাজ্জল ভূইঁয়া ০৪১৩ ৬২৭ ২৫০, সাধারণ সম্পাদক- ০৪০২ ৩৯৮ ৪১৯, কো-অর্ডিনেটর B.B.Q Party উদযাপন কমিটি- মোহাম্মদ আলী ইউসুফ ০৪০২ ৯০৫ ৫৭৬।